দর্শনায় ৫০ লিটার রেকটিফাইড স্পিরিট, ৬ বোতল ফরেন লিকারসহ গ্রেফতার ১

চুয়াডাঙ্গার দর্শনায় ৬ বোতল বিলাতি মদ ও ৫০লিটার রেকটিফাইড স্পিরিট সহ একজনকে গ্রেফতার করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।

জানাগেছে আজ বৃহস্পতিবার সকাল সাড়ে নয়টার দিকে দর্শনা কেরু এন্ড কোম্পানি কোয়াটার থেকে তাকে গ্রেফতার করে।দর্শনা কেরুজ ই-টাইপ ৩৫ নং বাসা থেকে তাকে ৬ বোতল বিলাতি মদ ও ৫০লিটার রেকটিফাইড স্পিরিট বাড়ির ভিতর থেকে উদ্ধার করে।

গ্রেফতার ওয়াসিমকে উদ্ধারকৃত মাদকসহ দর্শনা থানায় হস্তান্তর করেন এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ পরিদর্শক আকবর হোসেন বাদী হয়ে দর্শনা থানায় একটি নিমিত মামলা দায়ের করেন।

গ্রেফতারকৃত ওয়াসিম (৩০) দর্শনা পৌরসভার আনোয়ারপুর এলাকার মো. আব্দুর রহিমের ছেলে।

চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সূত্রে জানা যায়, পরিদর্শক নাজমুল হেসেন খান ও উপপরিদর্শক সাহারা ইয়াসমিন ও আকবর হোসেনের নেতৃত্বে দর্শনা থানাধীন বিভিন্ন এলাকায় মাদক বিরোধী অভিযান চালিয়ে এ সব মাদক উদ্ধার করে। এসময় কেরু কোম্পানির ই-টাইপ ৩৫ নং বাসা থেকে ৬ বোতল ফরেন লিকার বিলাতি মদ ও ৫০লিটার রেকটিফাইড স্পিরিট উদ্ধার সহ ওয়াসিম নামের একজনকে গ্রেফতার করে।

চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। এ ঘটনায় দর্শনা কেরু এ্যান্ড কোম্পানীর ব্যাবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারেফ হোসেন বলেন এ বিষয়ে আমার কাছে সসমাদকদ্রব্য নিয়ন্ত্রনের এডি ফোন করেছিলো আমি বলেছি মাদকের বিষয়ে কোন প্রকার আপোষ নেই আপনাদের মতো আপনারা ব্যাবস্থা নিন। কোন প্রকার কেরুর ভিতরে মাদক ব্যাবসা চলবে না।

গতকালই তাকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।